DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 06 Oct 2026, 04:48 AM

আন্তর্জাতিক

দক্ষিণ ইউক্রেনে বাসে রুশ ড্রোন হামলা, নিহত ৫

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৪৬ PM

দক্ষিণ ইউক্রেনের দনিপ্রোপেত্রোভস্ক অঞ্চলে একটি যাত্রীবাহী বাসে রাশিয়ার ড্রোন হামলায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও সাতজন।

বুধবার নিকোপোল শহরের আশপাশে হামলাটি চালানো হয় বলে জানিয়েছেন দনিপ্রোপেত্রোভস্ক অঞ্চলের গভর্নর।

নিকোপোল শহরটি দনিপ্রো নদীর অপর পারে অবস্থিত জাপোরিঝিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বিপরীতে। যুদ্ধের শুরুর দিক থেকেই বিদ্যুৎকেন্দ্রটি রুশ বাহিনীর নিয়ন্ত্রণে রয়েছে।

এদিকে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, রাতে ওডেসা অঞ্চলের ভেলিকায়া বালকায় ইউক্রেনীয় সামরিক বাহিনীর জন্য সংরক্ষিত সামরিক সরঞ্জামের একটি রসদকেন্দ্রে হামলা চালিয়েছে রুশ বাহিনী।

রুশ মন্ত্রণালয়ের দাবি, ওডেসা অঞ্চলের চেরনোমোরস্ক বন্দরে একটি পণ্যবাহী জাহাজ ও একটি ফেরিতেও হামলা চালানো হয়েছে। এছাড়া

ইউক্রেনের পশ্চিমাঞ্চলে ইউরোপ থেকে সামরিক সরঞ্জাম পরিবহনে ব্যবহৃত রেল অবকাঠামোও হামলার লক্ষ্যবস্তু হয়েছে বলে জানানো হয়েছে।

রাশিয়ার বিভিন্ন অঞ্চলের আকাশে রাতভর দুই শতাধিক ইউক্রেনীয় ড্রোন ধ্বংস ও প্রতিহত করার দাবিও করেছে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়।

তবে এসব দাবির বিষয়ে স্বাধীনভাবে তাৎক্ষণিকভাবে যাচাই করা সম্ভব হয়নি।

এ বিভাগের আরও খবর

চিকিৎসাবিজ্ঞানে নোবেল পেলেন ডাইসেরোথ, হেগেম্যান ও নাগেল
২০২৬ সালের নোবেল পুরস্কার ঘোষণা শুরু হয়েছে। প্রথম দিনেই চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কারজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে। আলো ব্যবহার করে জীবন্ত কোষ...

পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...

সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত।ভারতীয় সংবাদ সং...

রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের

সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/dkshin-iukrene-base-rush-dron-hamla-niht-5